
# দেশের ইতিবাচক পরিবর্তনের জন্য ‘হ্যাঁ’ ভোট চাইলেন শায়খ আহমাদুল্লাহ



শায়খ আহমাদুল্লাহ। ছবি: সংগৃহীত

শায়খ আহমাদুল্লাহ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটকে সামনে রেখে ইতিবাচক সংস্কার ও পরিবর্তনের পক্ষে নিজের অবস্থান প্রকাশ করেছেন। তিনি আস-সুন্নাহ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও ইসলামিক ব্যক্তিত্ব।

বুধবার (১১ ফেব্রুয়ারি) সকাল ১০টা ৩ মিনিটে ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া পোস্টে তিনি বলেন, “ইতিবাচক সংস্কার ও পরিবর্তনের ক্ষেত্রে আমরা ‘হ্যাঁ’ ভোটের পক্ষে। তবে এটি অবশ্যই ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ অক্ষুণ্ণ রেখে বাস্তবায়িত হতে হবে।” তিনি জোর দিয়ে বলেন, ‘হ্যাঁ’ ভোট কেবল পরিবর্তনের প্রতিশ্রুতি নয়, বরং মূলনীতির সংরক্ষণসহ পরিবর্তনের অঙ্গীকার।


Ahmadullah
1h ·

ইতিবাচক সংস্কার ও পরিবর্তনের প্রশ্নে আমরা 'হ্যা' এর পক্ষে।

একইসাথে সেই সংস্কার সংক্রান্ত সকল কার্যক্রম ধর্মীয় ও সামাজিক মূল্যবোধকে সমুন্নত রেখে কার্যকর করতে হবে। এক্ষেত্রে কোন প্রকার ব্যত্যয় যেন না ঘটে তা নিশ্চিত করতে চূড়ান্ত সংস্কার কার্যক্রমে প্রতিনিধিত্বশীল আলেমদের অংশগ্রহণ নিশ্চিত করা নির্বাচিত সরকারের গুরুত্বপূর্ণ দায়িত্ব হিসেবে বিবেচিত হবে।

হ্যাঁ ভোট মানে শুধু পরিবর্তন নয়-হোক মূল্যবোধ অক্ষুন্ন রেখে পরিবর্তনের অঙ্গীকার।

Kazi Jubaer Hossain, Altaf Hossain and 54K others  2.9K comments  6.9K shares

Like  Comment  Share

View more comments

Author
Ahmadullah
এদেশের মানুষ সিস্টেমের পরিবর্তন চায়। কিন্তু সংস্কারের নামে সুকৌশলে মূল্যবোধ পরিপন্থি ও বিদেশী এজেন্ডা পুশ করার কোন প্রচেষ্টা ত... See more

11m  Like  Reply  Edited  231

View all 12 replies

Comment as Atif Anjum

LENS ASIA

শায়খ আহমাদুল্লাহ আরও উল্লেখ করেন, সংস্কার প্রক্রিয়ায় কোনো ব্যত্যয় যেন না ঘটে তা নিশ্চিত করা রাষ্ট্র ও নির্বাচিত সরকারের দায়িত্ব। চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের সময় প্রতিনিধিত্বশীল আলেমদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। তাঁর মতে, নীতিনির্ধারণী পর্যায়ে আলেমদের সম্পৃক্ততা ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ রক্ষা সহজ করবে।